অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো করোনাভাইরাস সংক্রান্ত নিয়ম গুরুতরভাবে লঙ্ঘনের অভিযোগে 12টি নিউ ইয়র্ক সিটির বারের মদের লাইসেন্স স্থগিত ঘোষণা করেছে

জনস্বাস্থ্য জরুরী অবস্থার সময় 45টি ব্যবসার মদের লাইসেন্স স্থগিত করা হয়েছে

মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স সোমবার রাতে 644টি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে, 26টি অতিরিক্ত লঙ্ঘন পর্যবেক্ষণ করে

মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স সপ্তাহান্তে নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে 132টি লঙ্ঘন পর্যবেক্ষণ করেছে, মোট বিশ্বব্যাপী মহামারী সম্পর্কিত অভিযোগের সংখ্যা এখন 503

স্টেট লিকার অথোরিটি চার্জ বা তাৎক্ষণিক লিকার লাইসেন্স সাসপেনশনের সম্মুখীন বার এবং রেস্টুরেন্টের তালিকা এখানে পাওয়া যাবে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বিশ্বব্যাপী মহামারী সম্পর্কিত নির্বাহী আদেশ গুরুতরভাবে লঙ্ঘনের অভিযোগে রাজ্য নিউ ইয়র্ক সিটির 12টি পানশালার মদের লাইসেন্স স্থগিত করেছে। সপ্তাহান্ত জুড়ে, রাজ্য পুলিশ (State Police) এবং রাজ্য মদ কর্তৃপক্ষের (State Liquor Authority, SLA) নেতৃত্বে রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্স 132টি প্রতিষ্ঠানে লঙ্ঘন নথিভুক্ত করে 1,300টিরও বেশি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে। সোমবার রাতে অতিরিক্ত 644টি কমপ্লায়েন্স চেক সম্পন্ন হয়েছে যেখানে তদন্তকারীরা নিউ ইয়র্ক সিটিতে 26টি লঙ্ঘন পর্যবেক্ষণ করছে। COVID-19 বিধি লঙ্ঘন করা ব্যবসাগুলিকে প্রতি লঙ্ঘনের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে, অন্যদিকে অত্যন্ত গুরুতর লঙ্ঘনের ফলে অবিলম্বে একটি বার বা রেস্টুরেন্টের লিকার লাইসেন্স স্থগিত করা হতে পারে।

"নিউ ইয়র্কবাসীরা বক্ররেখা সমতল করার জন্য কঠোর পরিশ্রম করেছে, কিন্তু যে সব পানশালা এবং রেস্টুরেন্ট জনস্বাস্থ্য নির্দেশিকা উপেক্ষা করে তারা তাদের সেই ত্যাগগুলিকে অসম্মান করছে যা আমাদের অর্থনীতিকে পুনরায় চালু করার সুযোগ করে দেওয়ার সময় জীবন বাঁচিয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "স্থানীয় সরকারকে অবশ্যই আইন প্রয়োগ করতে হবে, কিন্তু টাস্ক ফোর্স তার প্রচেষ্টাকে জোরদার করেছে এবং এই বাড়তি স্থগিতাদেশের মাধ্যমে আমরা একটি স্পষ্ট বার্তা

পাঠাচ্ছি যে নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য এবং নিরাপত্তাকে ঝুঁকির মধ্যে ফেলে এমন ব্যবসার বিরুদ্ধে ব্যবস্থা নিতে রাষ্ট্র দ্বিধা বোধ করবে না।"

স্টেট লিকর অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন: "SLA সেই লাইসেন্সধারীদের অবিলম্বে সাসপেন্ড করা অব্যাহত রাখবে যারা গভর্নরের নির্বাহী আদেশ সুস্পষ্টভাবে লঙ্ঘন করে প্রান বিপন্ন করে। আমাদের সম্প্রদায়, এবং সেই সাথে রেস্টুরেন্ট এবং পানশালার মালিক এবং কর্মচারীদের বেশীরভাগ, বক্ররেখা নমন করার জন্য প্রচুর ত্যাগ সহ্য করেছে, এবং যারা আমাদের রাজ্যের করা অগ্রগতিকে ঝুঁকিতে ফেলে তাদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নিতে SLA দ্বিধা করবে না।"

25, 26 এবং 27 জুলাই তারিখে অনুষ্ঠিত সভায় স্টেট লিকর অথরিটি বোর্ড যে 12টি প্রতিষ্ঠানকে তাৎক্ষণিক স্থগিতাদেশের জরুরী আদেশ জারি করে সেগুলি হল:

25 জুলাই, 2020 তারিখে জ্যাকসন হাইটসের 85-07 নর্দার্ন বুলেভার্ডে অবস্থিত "লিমা"
অসংখ্য অভিযোগ এবং পূর্ববর্তী অভিযোগের পর, SLA 24 জুলাই তারিখে "লিমা" -এর একটি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে। তদন্তকারীরা প্রাঙ্গনের বাইরে দাঁড়ানো কুড়ির বেশি সংখ্যা পৃষ্ঠপোষকদের দেখেছেন সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে এবং ফুটপাথ অবরোধ করে রাস্তায় একটি নাইটক্লাবের পরিবেশে দাঁড়িয়ে মদ্যপান করতে। এর আগে 18 জুলাই এ, SLA-এর তদন্তকারীরা নিউ ইয়র্ক শহরের রাত 11টার কারফিউর পরেও বাইরে পরিষেবা প্রদান করার কাজ করা কথা নথিভুক্ত করে, একইরকম একটি বড় দল পৃষ্ঠপোষক দাঁড়িয়ে থাকে এবং নাইটক্লাবের মত পরিবেশে জড় হয়, মুখের আবরণ বা সামাজিক দূরত্বের নির্দেশিকা মেনে চলা ছাড়াই। এছাড়াও এই অবস্থানটিকে পর্যবেক্ষণ করা হয়েছে এবং জুন মাসে গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘনের অভিযোগে অভিযুক্ত করা হয়েছে।

25 জুলাই, 2020 তারিখে ওজোন পার্কে 139-09 ক্রসবে বুলেভার্ডের "সিজে'স বার এন্ড লাউঞ্জ"
লাইসেন্সের অমান্য করা শুরু হয় 27 শে জুন তারিখে, যখন SLA তদন্তকারীরা এই ভবনের ভেতরে পাঁচজন পৃষ্ঠপোষকের মদ্যপান করার কথা নথিভুক্ত করে, তার সাথে বহিরঙ্গনের টেবিলগুলো সঠিকভাবে ফাঁক করা ছিল না এবং একটি পার্টির মত পরিবেশ ছিল যা পার্শ্ববর্তী ভবনের সামনে অবধি প্রসারিত ছিল। 18ই জুলাই তারিখে একটি প্রকাশিত পরিদর্শনের সময় তদন্তকারীরা মুখের আবরণ ছাড়া কর্মীদের পৃষ্ঠপোষকদের কাছে পরিবেশন করা নথিভুক্ত করেন এবং লাইসেন্সধারীকে SLA নির্দেশিকার একটি সারসংক্ষেপ প্রদান করেন। পরের দিন সন্ধ্যায়, SLA তদন্তকারীরা প্রতিষ্ঠানটিতে গোপনে পরিদর্শন করেন, যেখানে দেখা যায় যে ত্রিশ জন পৃষ্ঠপোষক সরাসরি প্রাঙ্গনের সামনে পার্টি করছে এবং জড়ো হচ্ছে, মুখের আবরণ বা সামাজিক দূরত্ব ছাড়াই।

26 জুলাই, 2020 তারিখে জ্যাকসন হাইটসের 8407 নর্দার্ন বুলেভার্ডে অবস্থিত "রুবিরোসা"
24 জুলাই তারিখে, SLA তদন্তকারীরা "রুবি রোসা" এর একটি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে, এবং প্রায় পঁচিশ জন ব্যক্তিদের অবস্থানের সামনে দাঁড়িয়ে পানীয় পান করতে, সামাজিক দূরত্বের প্রোটোকল উপেক্ষা করতে এবং মুখের আবরণ না পরে থাকতে পর্যবেক্ষণ করে। ভেতরে

একজন কর্মচারীকে মুখের আবরণ ছাড়া দেখা যায় পৃষ্ঠপোষকদের সাথে কথা বলতে যারা নিজেরাও মুখের আবরণ ও পরেননি। এই অবস্থানটিকে এছাড়াও 18ই জুলাই এর গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করতে দেখা যায়, যেখানে পৃষ্ঠপোষকরা তাতে যেমন উল্লিখিত আছে সেই একইভাবে বাইরে জড়ো হয়।

26 জুলাই 2020 তারিখে জ্যাকসন হাইটসের 86-09 রুজভেল্ট এভিনিউতে "মিঃ পাঞ্চো'স ক্যাফে"

25 জুলাই তারিখে, SLA তদন্তকারীরা "মিঃ পাঞ্চো'স ক্যাফে" এর একটি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে এবং নিউ ইয়র্ক সিটির বাইরের পরিষেবার ক্ষেত্রে রাত 11টার পরে রেস্টুরেন্টটি পুরোপুরি চালু আছে বলে পাওয়া যায়, এবং ত্রিশজনেরও বেশি ব্যক্তি তার প্রাঙ্গনের সামনে দাঁড়িয়ে পানীয় পান করতে দেখা যায়, কোন খাদ্য উপলভ্য ছিল না এবং কোন সঠিক মুখের আবরণ এবং সামাজিক দূরত্ব ছিল না। উপরন্তু, অন্তত তিনজন কর্মচারী মুখের আবরণ ছাড়াই আছে বলে পর্যবেক্ষণ করা হয়।

26 জুলাই 2020 তারিখে করোনার 112-51 রুজভেল্ট এভিনিউতে "ব্লু এঞ্জেল লাউঞ্জ"

25 জুলাই, SLA তদন্তকারীরা "ব্লু এঞ্জেল লাউঞ্জ" এর কমপ্লায়েন্স চেক পরিচালনা করে, এবং লক্ষ্য করে যে কোন খাদ্য ছাড়া অ্যালকোহল পান করছেন পৃষ্ঠপোষকরা। রান্নাঘরের একটি পরিদর্শন দেখায় যে রেস্টুরেন্টটি কিছু সময় ধরে খাবারের প্রয়োজনীয়তা লঙ্ঘন করেছে, যা প্রমাণীত হয় একটি জং ধরা গ্রিল, কোন তেল ছাড়া ডিপ ফ্রায়ার, একটি খালি রেফ্রিজারেটর, একটি খালি খাদ্য পরিবেশন স্টেশন, সরঞ্জামগুলির গ্যাস বন্ধ করা, এবং ঘটনাস্থলে কোন রান্নাঘরের কর্মী নেই। এই অবস্থানটি 18 জুলাই এর গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করছে বলে পাওয়া যায়, যেখানে পঁচিশ জন লোক ভিতরে মদ্যপান করছিল।

26 জুলাই 2020 তারিখে জ্যাকসন হাইটসের 84-19 নর্দার্ন বুলাভার্ডে অবস্থিত "ডি লা মোরা রেস্টুরেন্ট"

18 জুলাই সন্ধ্যায় একজন SLA তদন্তকারী পৃষ্ঠপোষকদের দাঁড়িয়ে, মদ্যপান করতে এবং সরাসরি প্রাঙ্গনের সামনে জড়ো হতে দেখেন, মুখের আবরণ ছাড়া বা সামাজিক দূরত্ব পর্যবেক্ষণ না করে। তদন্তকারী মধ্যরাতের কিছু আগে ফিরে আসেন -- নিউ ইয়র্ক সিটির বাইরের পরিষেবা প্রদানের জন্য রাত 11টার কারফিউ এর সময় বেশ কিছুক্ষণ পার করে -- এবং গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করে ত্রিশ জন পৃষ্ঠপোষককে মদ্যপান এবং পার্টি করতে দেখেন। এর আগে এই অবস্থানটির বিরুদ্ধে 13 ও 14 জুলাই এর গভর্নরের EO লঙ্ঘনের অভিযোগে আনে SLA।

26 জুলাই 2020 তারিখে জ্যাকসন হাইটসের 218-21 জামাইকা বুলেভার্ডে অবস্থিত "এল প্যাটিও বার"

25 জুলাই তারিখে, SLA তদন্তকারীরা "এল পাটিও বার" এর একটি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে, যেখানে পানশালার ভেতরে পানরত পৃষ্ঠপোষকদের পর্যবেক্ষণ করা হয়, তাছাড়াও বারটেন্ডার এবং রান্নাঘরের কর্মচারীদের মুখের আবরণ ছাড়া দেখা যায়। এর আগে 18 জুলাই তারিখে, SLA এর তদন্তকারীরা নিউ ইয়র্ক সিটির বাইরের পরিষেবা প্রদানের জন্য রাত 11টার কারফিউ এর

সময়ের যথেষ্ট পরে এই সংস্থাকে কাজ করছে বলে নথিভুক্ত করে, যেখানে বড় একদল পৃষ্ঠপোষক দাঁড়িয়ে থাকে এবং মুখের আবরণ বা সামাজিক দূরত্ব ছাড়াই নাইটক্লাবের মত পরিবেশে জড়ো হয়।

27 জুলাই 2020 তারিখে অ্যাস্টোরিয়ার 37-01 30th অ্যাভেনিউ এর "দ্য গ্র্যান্ড"

23 জুলাই তারিখে, SLA তদন্তকারী এবং নিউ ইয়র্ক সিটি শেরিফের অফিসদেখে যে সংস্থাটি নিউ ইয়র্ক শহরের রাত 11টার কারফিউ এর সময় অনেকখানি অতিক্রম করে তাদের কাজ করছে, যেখানে অন্তত ডজনখানেক পৃষ্ঠপোষকদের সরাসরি ভবনের সামনে সরাসরি পাওয়া যায়, কোন মুখের আবরণ বা সামাজিক দূরত্ব বজায় না রেখে। ভিতরে, পরিদর্শনের দায়ভার প্রাপ্ত দল একজন পৃষ্ঠপোষককে অ্যালকোহল পান করতে এবং মুখের আবরণ ছাড়া একজন কর্মচারীকে দেখেন। যখন পরিদর্শনের দায়ভার প্রাপ্ত দল পৌঁছয়, একটি বাউন্সারকে পৃষ্ঠপোষকদের খোলা কন্টেইনার নিয়ে প্রাঙ্গন ত্যাগ করতে উৎসাহিত করতে দেখা যায়।

27 জুলাই 2020 তারিখে জ্যাকসন হাইটসের 87-05 নর্দার্ন বুলাভার্ডে অবস্থিত "এল পাইসা কাফে"

18 জুলাই সন্ধ্যায় একজন SLA তদন্তকারী এগারোজন পৃষ্ঠপোষককে দাঁড়িয়ে মদ্যপান করতে দেখেন এবং সরাসরি ভবনের সামনে জড়ো হতে দেখেন, কোন মুখের আবরণ বা সামাজিক দূরত্ব ছাড়াই। তদন্তকারী রাত 11:30টায় ফিরে আসেন, নিউ ইয়র্ক সিটির বাইরে পরিষেবা প্রদানের জন্য কারফিউ এর সময় রাত 11টা অতিক্রম করে, এবং দেখেন পঁচিশ জন পৃষ্ঠপোষককে দেখতে পান-- যাদের কেউ মুখের আবরণ পরিধান করেননি -- মদ্যপান করছেন এবং সংস্থার সামনে জড় হয়েছেন গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করে।

27 জুলাই 2020 তারিখে জ্যাকসন হাইটসের 76-07 রুজভেল্ট এভিনিউতে "রোমান্টিকোজ"

23 জুলাই তারিখে, একজন SLA তদন্তকারী "রোমান্টিকোজ" এর কমপ্লায়েন্স চেক পরিচালনা করেন, এবং পান যে পানশালার ভেতরে তেরোজন পৃষ্ঠপোষক মদ্যপান করছেন এবং মুখের আবরণ ছাড়া একজন ম্যানেজার এবং বাউন্সার রয়েছেন। এই ব্যবসাটি, যারা বারম্বার অপরাধ করেছেন, আগে দুইবার গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করছে বলে দেখা গেছে, যে আদেশ অনুযায়ী পানশালা এবং রেস্টুরেন্টগুলিকে সামাজিক দূরত্বের নির্দেশিকা মেনে চলতে হবে করোনাভাইরাসের বিস্তারের সাথে লড়াই করার জন্য।

27 জুলাই, 2020 তারিখে করোনার 102-14 রুজভেল্ট এভিনিউতে "ডেলিসিয়া'জ মেক্সিকানাজ"

25 জুলাই তারিখে একজন SLA তদন্তকারী "ডেলিসিয়ার মেক্সিকানাজ" এর একটি কমপ্লায়েন্স চেক পরিচালনা করেন, এবং দেখেন ভবনের ভেতরে পৃষ্ঠপোষকরা বসে আছেন, এবং ম্যানেজার তদন্তকারীর পথ রোধ করছে, অন্য দিকে একজন ওয়েট্রেস পৃষ্ঠপোষকদের পিছনের দরজা দিয়ে চলে যেতে সতর্ক করছে। এই লাইসেন্সধারী একজন বারম্বার অপরাধ করেছেন, গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করেছেন এবং 24 জুলাই এবং 4 জুলাই তারিখের নিউ ইয়র্ক সিটির রাত 11টার কারফিউ এর পর পরিষেবা প্রদান করেছেন।

27 জুলাই 2020 তারিখে অ্যাস্টোরিয়ার 36-12 ডিটমারস বুলেভার্ড এর "দ্য পমরয়"

23 জুলাই তারিখে, একজন SLA তদন্তকারী "দ্যা পমরয়" এর কমপ্লায়েন্স চেক পরিচালনা করেন, এবং দেখেন পনের জনেরও বেশি পৃষ্ঠপোষকের একটি দল রেস্টুরেন্টের সামনে দাঁড়িয়ে এবং ভিড় করে এবং পার্শ্ববর্তী ব্যবসার সামনে তারা ছড়িয়ে পড়ছেন। 19 জুলাই এর পরে এটি একটি ফলো-আপ, যখন SLA-এর তদন্তকারীরা দেখেন যে কর্মীরা মুখের আবরণ পরছেন না, টেবিলগুলির মধ্যে ব্যবধান অপর্যাপ্ত, এবং রেস্টুরেন্টটি খাবার ছাড়া পানীয় পরিবেশন করছে।

25 জুলাই 2020 তারিখে, 26 জুলাই 2020 তারিখে এবং 27 জুলাই, তারিখে সামাজিক দূরত্বের নির্দেশিকার অধীনে ডিজিটালভাবে রেকর্ড করা একটি ভিডিও দ্বারা পরিচালিত পূর্ণ বোর্ডের বিশেষ সভায় কমিশনার লিলি ফ্যান এবং কমিশনার গ্রেলি ফোর্ড জরুরী স্থগিতাদেশের আদেশ দেন। যখন SLA একটি লাইসেন্সপ্রাপ্ত ব্যবসার অব্যাহত অপারেশন জনস্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করে তখন জরুরী তাৎক্ষণিক স্থগিতাদেশ জারি করা হয়। স্থগিতাদেশ অবিলম্বে প্রদান করা হয় এবং অনির্দিষ্টকালের জন্য কার্যকর থাকে, যার মধ্যে সর্বোচ্চ জরিমানার অন্তর্ভুক্ত স্থায়ী লাইসেন্স বাতিলকরণ এবং 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা। জরুরী স্থগিতাদেশ প্রাপ্ত লাইসেন্সধারীরা SLA প্রশাসনিক আইনের বিচারকের সামনে দ্রুত শুনানির অধিকার রাখেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন